



ISO 9001, ISO 14001 &
OHSAS 18001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

পবিস মানব সম্পদ পরিদপ্তর

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২

খিলক্ষেত, ঢাকা-১২২৯।

(#৮৯০০৪৩৩।

e-mail: dir.pbshr@gmail.com

web site: www.reb.gov.bd

স্মারক নং-২৭.১২.০০০০.১৬৪.০১৯.৫০৩.১৪- ৮৪৪

তারিখ : ১৫ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ
৩০ অক্টোবর, ২০১৭ খ্রিষ্টাব্দ

“সার্কুলার”

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একটি সংঘবদ্ধ অশুভ চক্র বেশ কিছুদিন যাবত বাপবিবোর্ডের কর্মকর্তাদের নামে সমিতির কর্মকর্তা/ কর্মচারীদেরকে দূর্বতী পবিস-এ বদলী করা হচ্ছে/ হবে এই আতঙ্ক সৃষ্টি করে মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে অর্থ হাতিয়ে নেয়ার চেষ্টা চালাচ্ছে। এই চক্রটি বিশেষভাবে সমিতির যে সকল কর্মকর্তা/ কর্মচারী একই কর্মস্থলে অপেক্ষাকৃত বেশী সময় কর্মরত আছেন এবং স্বামী-স্ত্রী একই পবিস-এ নিয়োজিত তাঁদেরকে টার্গেট করে আতঙ্ক সৃষ্টির মাধ্যমে মোটা অঙ্কের টাকা দাবী করছে। এ ক্ষেত্রে চক্রটি পবিস মানব সম্পদ পরিদপ্তরের কর্মকর্তাসহ বাপবিবোর্ডের বিভিন্ন কর্মকর্তার নাম এবং কোন কোন ক্ষেত্রে সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিয়োজিত ব্যক্তি বিশেষের নাম, পদবী ও পরিচয় ব্যবহার করছে। ফলে পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তা/ কর্মচারীদের মধ্যে একটি বদলী আতঙ্ক বিরাজ করছে এবং বাপবিবোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিষয়ে একটি নেতিবাচক ধারণা সৃষ্টি হচ্ছে।

এ বিষয়ে ইতোমধ্যে বেশ কয়েকজন সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-এর তরফ থেকে অভিযোগ প্রাপ্তির পর স্থানীয় থানায় মামলা দায়ের এবং র‍্যাবকে অবহিতকরণের জন্য মৌখিকভাবে পরামর্শ প্রদান করা হলেও তাঁরা কোন ব্যবস্থা গ্রহণ করেননি। কোন অপরাধী চক্রের সন্ধান পাওয়া গেলে তাদের পরিচয়/ তাদের বিষয়ে আইন প্রয়োগকারী সংস্থাকে অবহিত না করা ফৌজদারী অপরাধের সামিল।

উপরিউক্ত অবস্থার প্রেক্ষাপটে এই সংঘবদ্ধ চক্রের বদলী আতঙ্কের গুজবে কান না দিয়ে তাদেরকে চিহ্নিত করে আইনের আওতায় আনার জন্য সংশ্লিষ্ট মোবাইল নম্বরসহ (যে নম্বর থেকে ফোন করে টাকা দাবী করা হয়/ হচ্ছে) স্থানীয় পুলিশ স্টেশন এবং র‍্যাবকে অবহিতকরণের পাশাপাশি সমিতির স্টাফ সভায় বিষয়টি আলোচনা করে সকলকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে।

(মোঃ দহিদুল ইসলাম)
পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১১ নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ২১ প্রধান প্রকৌশলী (প্রকল্প/ প ও প), বাপবিবো, ঢাকা।
- ৩১ প্রকল্প পরিচালক, UREDS; DCSD/ ১.৫ মিলিয়ন গ্রাহক সংযোগ প্রকল্প/ শতভাগ পল্লী বিদ্যুতায়নের জন্য বিতরণ নেটওয়ার্ক সম্প্রসারণ (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ)/ (রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগ) প্রকল্প, বাপবিবো, ঢাকা/ আরইই-সিএসডিপি-২, বাপবিবো, ঢাকা/ আরইই-বিডিপি-২, বাপবিবো, ঢাকা/ আরইই-কেডিপি-২, বাপবিবো, ঢাকা/ আরইই-ডিডিপি-২, বাপবিবো, ঢাকা/ আরইই-আরআরডিপি-২, বাপবিবো, ঢাকা/ TAPP/ SLR by Replacing 5 Million Electro Meechanical Energy Meter with Electroni Energy Meter, বাপবিবো, ঢাকা।
- ৪১ নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো, ঢাকা।
- ৫১ সচিব, বাপবিবো, ঢাকা।
- ৬১ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ/ উঃঅঃ/ দঃঅঃ/ পূর্বাঞ্চল)/ কর্মচারী প্রশাসন/ হিসাব/ প্রশিক্ষণ/ অর্থ/ পবিস ঋণ ও বাজেট/ পবিস নিরীক্ষা/ সংগ্রহ/ সিএসএন্ডএম/ এসইএন্ডডি/ এমপিএসএস/ কার্যক্রম পরিকল্পনা/ ইন্সপেকশন ও টেস্টিং/ অভ্যন্তরীণ নিরীক্ষা/ জনসংযোগ/ নবায়নযোগ্য জ্বালানী/ তদন্ত ও শৃংখলা/ পবিস তদন্ত ও অনুসন্ধান/ লিগ্যাল এফিয়ার্স/ আর্থিক মনিটরিং (উত্তরাঞ্চল/ দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ৭১ পরিচালক, সিস্টেম অপারেশন (কেন্দ্রীয় অঞ্চল), বাপবিবো, ঢাকা।
- ৮১ পরিচালক, প্রশাসনিক ব্যবস্থাপনা/ হিসাব ও আর্থিক ব্যবস্থাপনা, UREDS; DCSD, বাপবিবো, ঢাকা/(প্রশাসন/অর্থ), ১.৫ মিলিয়ন গ্রাহক সংযোগ প্রকল্প, বাপবিবো, ঢাকা।
- ৯১ একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ১০১ একান্ত সচিব, সদস্য (অর্থ/ প্রশাসন/ সমিতি ব্যবস্থাপনা/ পরিকল্পনা ও উন্নয়ন/ বিতরণ ও পরিচালন), বাপবিবো, ঢাকা।
- ১১১ সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, সকল পল্লী বিদ্যুৎ সমিতি।

(মোঃ আসাফউদ্দৌলা)
উপ-পরিচালক